সংসদ সদস্যের সন্মানীর টাকায় ঘর পেলের অসহায় নারী

আইয়ুব আলী, ময়মনসিংহ :: মানুষের প্রতি মানুষের ভালবাসা প্রকাশের দৃষ্টান্ত স্থাপন করলেন ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধোবাউড়া) আসনের (স্বতন্ত্র) সংসদ সদস্য মো. সালমান ওমর রুবেল। এক অসহায় মা’ রিনা স্নালকে বসত ঘর উপহার দিলেন এই সংসদ সদস্য। কয়েক বছর আগে রিনা স্নালের স্বামী কেন্দ্র তজু মারা গেছেন । একমাত্র ছেলে শান্ত স্নাল বিয়ের করে আলাদা হয়ে সংসার গড়ে সিরাজগঞ্জে। দিনমজুর হিসেবে কাজ করছেন তিনি। মায়ের খবর নেওয়া হয়না তার। আগে বাশ বেতের কাজ করে জীবিকা নির্বাহ করা এই নারী এখন বয়ষের ভারে কাবু হয়ে পড়েছেন । পরে বেছে নেন ভিক্ষিবৃত্তি। অর্থিক সংকটের কারনে দীর্ঘদিন ধরে জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ একটি ঘরে একাকী মানবেতর জীবনযাপন করছিলেন রিনা স্নাল। বর্ষাকালে বৃষ্টির পানি ঘরে ঢুকত, আর ঝড়-বৃষ্টির সময় আতঙ্ক নিয়েই রাত কাটাতে হতো তাকে।

১২ ফেব্রুয়ারী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় সেই নারী ভিক্ষা করে জমানো টাকা থেকে সংসদ সদস্যের নির্বাচনী তহবিলে ৭০(সত্তর) টাকা অনুদান দিয়েছিলেন। সেই ভালোবাসার প্রতিদান হিসেবে সংসদ সদস্যে হিসেবে নিজের প্রথম মাসের সম্মানীর অর্থ দিয়ে ওই বৃদ্ধার জন্য একটি নতুন বসতঘর নির্মাণ করে দিয়েছেন তিনি।

শনিবার (৪ জুলাই) দুপুরে ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলার গাজীরভিটা ইউনিয়নের সীমান্তবর্তী নামছাপাড়া গ্রামে আয়োজিত এক অনাঢ়ম্বর অনুষ্ঠানে ঘরটি আনুষ্ঠানিকভাবে রিনা স্নালের (৭১) কাছে হস্তান্তর করেন সংসদ সদস্য মো. সালমান ওমর। এ সময় স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতাকর্মী, গণ্যমান্য ব্যক্তি ও এলাকার বাসিন্দারা উপস্থিত ছিলেন।

সংসদ সদস্য মো. সালমান ওমর বলেন, ‘নির্বাচনের সময় রিনা স্নাল ভিক্ষা করে পাওয়া টাকা থেকে ৭০(সত্তর) টাকা তার নির্বাচনী তহবিলে অনুদান দিয়েছিলেন। অর্থের পরিমাণ যাই হোক, তার আন্তরিকতা, ভালোবাসা ও বিশ্বাস আমাকে গভীরভাবে স্পর্শ করেছিল। তার ভালবাসার কাছে আমি পরাস্ত হয়েছি। তাই সংসদ সদস্য হিসেবে পাওয়া প্রথম মাসের সম্মানীর অর্থ দিয়ে তার জন্য একটি নিরাপদ বসতঘর নির্মাণ করব বলে মনে মনে স্থির করে রেখেছিলাম। আজ সেই নিরব প্রতিশ্রুতি পূরণ করতে

পেরে আমি আনন্দিত।’

তিনি আরও বলেন, সরকার সমাজের অসহায় ও পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়াতে সরকার নানা সামাজিক প্রকল্প হাতে নিয়েছে। কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ডের মত ইতিবাচক কাজের ধারায় আমি সেই নারীকে ঘর দিয়েছি। বলেন সকল বিত্তবান মানুষের উচিত রিনা স্নালের মত অসহায়দের নাগরিকদের পাশে দাড়ানো।
নতুন ঘর পেয়ে আবেগাপ্লুত রিনা স্নাল স্থানীয় সাংবাদিকদের বলেছেন, জীবনের এই বয়সে নতুন ঘরে থাকার সুযোগ পাব, কোনোদিন ভাবিনি। ভিক্ষা করে যে টাকা দিয়েছিলাম, তার এমন প্রতিদান পাব।

স্থানীয়রা বলেছেন, এই মানবিক উদ্যোগ শুধু একটি ঘর নির্মাণের মধ্যেই সীমাবদ্ধ নয় একজন অসহায় মানুষের প্রতি সমাজের বিত্তবান নাগরিক হিসেবে মানবিকতা দিয়ে অসহায় মানুষের প্রতি সম্মান, সহমর্মিতা ও সামাজিক দায়িত্ববোধের একটি উজ্জ্বল দৃষ্টান্ত।